গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধান উপদেষ্টার কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০০০.০৩৯.০০০১.২৫-৮০ তারিখ ৩০ ডিসেম্বর ২০২৫

বিষয়: গণভোটের বিষয়ে জনসচেতনতা তৈরিতে স্থানীয় সরকারের প্রতিষ্ঠানসমূহের সাথে সভা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন একই সাথে জুলাই জাতীয় সনদ ২০২৫ এবং সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট অনুষ্ঠিত হবে। গুরুত্বপূর্ণ এই গণভোটের বিষয়ে ভোটারদের মধ্যে জনসচেতনতা তৈরিতে সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের মেয়র/প্রশাসকদের নিয়ে আগামী **১লা জানুয়ারি ২০২৬ তারিখে দুপুর ৩:০০ ঘটিকায় প্রধান উপদেষ্টার কার্যালয়ের সভাকক্ষ (দ্বিতীয় তলা)**-এ হাইব্রিড পদ্ধতিতে একটি সভা আয়োজন করা হয়েছে। উল্লেখ্য, উক্ত সভায় **অধ্যাপক আলী রীয়াজ, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (উপদেষ্টা পদমর্যাদা)** সভাপতিত্ব করবেন।

২। আলোচ্য সভায় সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এবং গাজীপুর সিটি কর্পোরেশনের প্রশাসকবৃন্দকে স্বশরীরে উপস্থিত থাকতে অনুরোধ জানানো হল। অন্যান্য সিটি কর্পোরেশন এবং পৌরসভার নির্বাচিত মেয়র/প্রশাসকদের অনলাইনে যোগদান করতে অনুরোধ জানানো হলঃ

**Zoom ID : 395 521 9285**
**Passcode: cao2025**

৩। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।

৩০.১২.২৫

মোঃ সারওয়ার মোর্শেদ
উপসচিব
প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত
ফোন- ৫৫০২৯৫৩০

বিতরণঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। জনাব মনির হায়দার, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐকমত্য), প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
২। সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মেয়র/প্রশাসক, সকল সিটি কর্পোরেশন/পৌরসভা

অনুলিপিঃ জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক (প্রশাসন), প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
(প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী অধ্যাপক আলী রীয়াজ মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
৬। কমন সার্ভিস ও প্রটোকল অফিসার (সিএসপিও), প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।